

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা) ঢাকা।

www.roc.gov.bd

নং- ২৬.০৬.০০০০.০০১.১৮.০০৫.১২/৫৯

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
২২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ পরিদপ্তরের সেবা গ্রহীতাদের সহজে সেবাপ্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছেঃ

- ▶ প্রতিদিনের জমাকৃত নথিসমূহ সচিবালয়ের নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করা হবে। কোন নথি নিয়ে তদবির করার আবশ্যিকতা নেই;
- ▶ সেবা গ্রহীতাগণ যে কোন সেবা গ্রহণের বিষয়ে Help Desk-এ দায়িত্বরত কর্মকর্তার সহযোগীতা গ্রহণ করবেন। প্রয়োজনে তিনি সেবা গ্রহীতাকে সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে সাক্ষাতের ব্যবস্থা করবেন;
- ▶ স্থাপিত Help Desk-এ প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে দুপুর ১.৩০ টা পর্যন্ত একজন এবং দুপুর ২.০০ হতে ৫.০০ টা পর্যন্ত একজন দায়িত্বপ্রাপ্ত এবং একজন আইটি পারসোনেল কর্মকর্তা প্রণীত তালিকা অনুযায়ী দায়িত্ব পালন করবে;
- ▶ সংশ্লিষ্ট পরিদর্শক/এক্সামিনার অব একাউন্টস Help Desk-এ বসে শেয়ার হস্তান্তরকারীগণের শেয়ার হস্তান্তর দলিলে প্রদত্ত স্বাক্ষরের সত্যতা নিশ্চিত করবেন;
- ▶ ডিজিটাল সার্টিফিকেট ও সার্টিফাইডকপিসমূহ অনলাইনে প্রদান অব্যাহত থাকবে। পর্যায়ক্রমে সকল সার্টিফিকেট ও সার্টিফাইডকপি অনলাইনে প্রদান করা হবে;
- ▶ ম্যানুয়াল পদ্ধতিতে প্রস্তুতকৃত মর্টগেজ সার্টিফিকেট Help Desk-থেকে সরবরাহ করা হবে।
- ▶ ম্যানুয়াল পদ্ধতিতে ইস্যুকৃত সার্টিফাইডকপিসমূহ যথা নিয়মে কাউন্টার থেকে সরবরাহ করা হবে।
- ▶ তদুপরি অবাঞ্ছিত লোকজন অযথা অফিস আঞ্জিনায় অবস্থান বা ঘোরাফেরা করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। এ বিজ্ঞপ্তি Ease Of Doing Business- বাস্তবায়নে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে জনস্বার্থে অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে
কর্তৃপক্ষ